

## Work Sheet

### ব্যাকরণ

নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :-

1. লেখ্য ভাষা হল - ( তিন / দুই / চার ) প্রকার।
2. বাংলা ভাষায় স্বরবর্ণের সংখ্যা হল - ( ১১ / ১২ / ৭ ) টি।
3. 'জ' ব্যঞ্জনবর্ণটির উচ্চারণ স্থান হল - ( কণ্ঠ / মূর্ধা / তালু )।
4. 'ক্ষ্ম' - এই যুক্তাক্ষরটি কোন্ কোন্ বর্ণ নিয়ে তৈরি হয়েছে - ( ক্+ষ্+ন্ / খ্+ম্ / ক্+ষ্+ম্ )।
5. কোনো শব্দের সঙ্গে বিভক্তি যুক্ত হলে তৈরি হয় - ( বাক্য / শব্দ / পদ )।
6. রুমা ভালো গান করে। - এই বাক্যে 'রুমা' হল - ( বিধেয় / উদ্দেশ্য / মেয়ের নাম )।
7. অভি খুব ভালো ছেলে। - এই বাক্যে 'খুব' হল - ( বিশেষ্য / বিশেষণ / অব্যয় ) পদ।
8. বিশেষ্য পদের মতো যে পদের বচন হয় সেটি হল - ( সর্বনাম / অব্যয় / ক্রিয়া ) পদ।
9. 'মেঘ' শব্দটির বহুবচনে রূপ হবে - ( মেঘসমূহ / মেঘমালা / মেঘদাম )।
10. বক্তা তার নিজের সম্বন্ধে বলতে যে সর্বনাম পদ ব্যবহার করে সেটি - ( মধ্যম / প্রথম / উত্তম ) পুরুষ।







